দামুড়হুদায় “বীর নিবাস” প্রকল্পের শুভ উদ্বোধন

সারাদেশের ন্যায় দামুড়হুদায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প “বীর নিবাস” ভার্চুয়ালি যুক্ত হয়ে শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে বুধবার সকাল ১০টার সময় বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এর সরাসরি সম্প্রচারের মাধ্যমে প্রধানমন্ত্রী এই “বীর নিবাস” এর শুভ উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামালউদ্দিন।

বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, বিল্লাল হোসেন, মশিউর রহমান, আ:সাত্তার খান সহ বীর মুক্তিযোদ্ধাদের প্রতিনিধিসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ‘‘বীর নিবাস’’ প্রকল্পের উদ্বোধন

বীর মুক্তিযোদ্ধোদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী’র উপহার হিসেবে ‘ ‘বীর নিবাস’’প্রকল্পের শুভ উদ্বোধন করা হয়েছে।

বীর নিবাসের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে ভার্সুয়ালী যুক্ত হন বিভিন্ন জেলা ও উপজেলা। সে লক্ষ্যে আজ বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক, গাংনী ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার স্ব স্ব উপজেলার বীর নিবাসের চাবি হস্তান্তর

করেন।

গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার রনী খাতুন।

এসময় উপস্থিত ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী, উপজেলা আ.লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, গাংনী প্রেস ক্লাব সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা ও সাধারণ সম্পাদক মাহবুব আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরাঞ্জন চক্রবর্তী ও সমাজসেবা কর্মকর্তা আরশাদ আলীসহ বীর মুক্তিযোদ্ধা ও সরকারি কর্মকর্তাবৃন্দ। বীর নিবাস নির্মাণে ব্যায় ধরা হয়েছে প্রায় ১৩ লক্ষাধিক টাকা। পর্যায়ক্রমে দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের সকলেই প্রধানমন্ত্রীর এ উপহার পাবেন বলে জানা গেছে।

জীবনের মায়া ত্যাগ করে পরিবার পরিজনের চিন্তা না করে যারা দেশ স্বাধীনে ঝাপিয়ে পড়েছিলেন। যাদের আত্নত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে এসকল একাত্তরের অকুতোভয় বীর মুক্তিযোদ্ধারা পেলেন নিজস্ব বাড়ী। দরিদ্র, অসহায় মুক্তিযোদ্ধা যাদের ঘর নির্মানের সামর্থ ছিল না তাদের জন্য বীর নিবাস নির্মান করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে আনুষ্ঠানিকভাবে এই বীর নিবাসের চাবি বুঝিয়ে দেওয়া হয়েছে। মেহেরপুর জেলায় তিনটি উপজেলায় আজ ৩৪টি বীর নিবাসের চাবি বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

এর মধ্যে সদর উপজেলায় ১১টি, মুজিবনগর উপজেলায় ১১টি এবং গাংনী উপজেলায় ১২টি বীর নিবাস রয়েছে।